

শিক্ষক লাঞ্চিত ঘটনা  
জবি থেকে ছাত্র  
হারালো ছাত্রলীগের  
৬ কর্মী

জবি বিশ্ববিদ্যালয়ের শিক্ষককে  
শারীরিকভাবে লাঞ্চিত করে নিয়ে  
বিষবিদ্যালয় জবি ছাত্রলীগের ৬ কর্মীকে  
আজীবনের জন্য বহিষ্কার করেছে  
বিষবিদ্যালয় প্রশাসন। এছাড়াও  
জনকে এক সেমিনারের জন্য বহিষ্কার ও  
১ জনের ফলাফল প্রকাশ স্থগিত  
করেছে। গতকাল (বুধবার) জনসংযোগ

কর্মকর্তা সৈয়দ আব্দুল হোসেন স্বাক্ষরিত  
এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য  
জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গত ১ মে  
ইসলামাবাদের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে  
শিক্ষক সমিতির কার্যনির্বাহী সদস্য ও  
সদস্যদের বিভাগের প্রভাষক হাফিজ  
ইকবাল, পণ্ডিত বিভাগের প্রভাষক আবু  
হানিক ও ইতিহাস বিভাগের প্রভাষক  
মির্জা আলী বিশ্বাসকে শারীরিকভাবে  
লাঞ্চিত করে কতিপয় শিক্ষার্থী। এ  
ঘটনার গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন  
ও বিষবিদ্যালয় আইন-শৃঙ্খলা কমিটির  
সুপারিশের ভিত্তিতে, বিষবিদ্যালয়ের  
৪৯তম সিন্ডিকেটের সিদ্ধান্ত অনুসারে  
ছয় ছাত্রকে ছাত্রলীগের বিষবিদ্যালয়  
থেকে আজীবনের জন্য বহিষ্কার করা  
হয়েছে। বহিষ্কৃত ছাত্ররা হলেন-  
ইসলামাবাদের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের  
২০০৫-০৬ শিক্ষাবর্ষের ছাত্র মোঃ  
আতাউল গনি ওসমান ইমদ  
(স্নাতকোত্তর), অর্থনীতি বিভাগের  
২০০৫-০৬ শিক্ষাবর্ষের ছাত্র সঞ্জীব  
বসাক (স্নাতক) রোল নং-০৫০৭১২২০,  
রেজিঃ- ০৭২১৬৮, বাংলা বিভাগের  
২০০৫-০৬ শিক্ষাবর্ষের ছাত্র মোঃ  
সাহাদাত হোসেন (স্নাতক), মোঃ  
মুহম্মদ সুমন (স্নাতক) রোলঃ- ১১০৮৩  
রোল নং- ০৫০১০০৬৭, রেজিঃ-  
০১১০৬৭, অর্থনীতি বিভাগের ২০০৫-  
০৬ শিক্ষাবর্ষের ছাত্র মোঃ হুমায়ুন হক  
মানিক (স্নাতক), রোল নং-  
০৫০৭১৩৭১, রেজিঃ- ০৭২৩১৬ এবং  
দর্শন বিভাগের ২০০৮-২০০৯  
শিক্ষাবর্ষের ছাত্র তুপতি কুমার রায়  
প্রশান্ত (স্নাতকোত্তর) রোল নং-  
০৯০২০৩১১২০।

সিন্ডিকেটে হিরম কুমার রায় (অর্থনীতি  
বিভাগ) স্নাতকোত্তর, শিক্ষাবর্ষ- ২০০৮-  
২০০৯-এর স্নাতকোত্তর পরীক্ষার  
ফলাফল প্রকাশের দিন থেকে ৬ (ছয়)  
মাসের স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত  
হয়েছে। ১ সেমিনারের জন্য বহিষ্কৃত  
ছাত্র হলো- মোঃ এসএম জোব্বারের  
হুসাইন (ইসলামাবাদের ইতিহাস ও সংস্কৃতি  
বিভাগ) শিক্ষাবর্ষ- ২০০৫-০৬।